# দিঘলিয়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১১ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৪ নভেম্বর ২০২২, বৃহস্পতিবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত অক্টোবর ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | অক্টোবর ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরনীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটি সদস্য-সচিব ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: অক্টোবর/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১৩,৫৬,২৪২/<br>মোট ব্যয়-৬,৫৪,৫২৪/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি। | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, এইচএসসি পরীক্ষা শুরু হতে যাচ্ছে। তাই পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া সরকার কর্তৃক ২০২৩ সালের বিনামূল্যের প্রাপ্ত নুতন পাঠ্যপুস্তক ১ লা জানুয়ারি ছাত্রছাত্রীদের হাতে তুলে দেয়া হবে। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মানন্নোয়নের জন্য যথাযথ মনিটরিং ও পরামর্শ প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে এইচএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন করারসহ ১ লা জানুয়ারি ছাত্রছাত্রীদের হাতে সরকার কর্তৃক ২০২৩ সালের বিনামূল্যের প্রাপ্ত নুতন পাঠ্যপুস্তক তুলে দেয়ার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কাজে সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা কৃষি ও সচে কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, তাদের অধীদপ্তর থেকে বছরে বিভিন্ন সময়ে বিভিন্ন কৃষি উপকরণ আসে। সেই উপকরণ রাখার মতো অত্র উপজেলায় কোন গোডাউন না থাকায়। বিভিন্ন সমস্যার সম্মুখিন হতে হয়। এ জন্য তিনি অত্র উপজেলায় একটি গোডাউন নির্মাণ করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা প... উপজেলা নির্বাহ... অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা |
| ০৬ | উপজেলা যুব ও ক্রীড়া কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, ইতোমধ্যে বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ২১০ জন, নীতিমালা অনুযায়ী ২১০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে,, এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের ০১ ব্যাচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গেছে। বাজেট অনুযায়ী ০১ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বছরে ৪৯,১০,০০০/- টাকা দেয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী গত মাস পর্যন্ত ৩,৮০,০০০/- টাকার চেক যুব ও যুব মহিলা সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। আদায়ের হার মোটামুটি ভাল তবে কোভিড ১৯ এর কারণে কিছু খেলাপী আছে। প্রশাসন সহযোগিতার হাত বাড়িয়ে দিলে সকল টাকা আদায় করা সম্ভব হবে। দপ্তরের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম শুরু হবে। তবে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রেখে কাজ করার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া আগামী ১ লা নভেম্বর/২০২২ জাতীয় যুব দিবস পালনের পত্র পাওয়া গেছে। সবার সহযোগিতায় যথাযোগ্য মর্যাদায় তা পালন করা হবে, এ জন্য যুব সদস্যদের মাঝে যুব ঋণ বিতরণ ও প্রশিক্ষণ উদ্বোধন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রেখে খেলাপী ঋণ আদায় ও বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া। |
| ০৭ | উপজেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি। | সভায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, মাদক নিয়ন্ত্রণে প্রশাসনের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক, আইন শৃঙখলা পরিস্থিতি স্বাভাবিক রাখেতে, নারী ও শিশু পাচার ও বাল্য বিবাহ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যান, সকল রাজনৈতিক ব্যক্তি, সমাজসেবী ও সুশিল সমাজের প্রতিনিধিগনকে সহযোগিতা করার আহ্বান জানান। | সভায় বিস্তারিত আইন শৃঙখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মাদক নিয়ন্ত্রণসহ নারী ও শিশু পাচার ও বাল্য বিবাহ প্রতিরোধে প্রশাসনসহ সকল ইউপি চেয়ারম্যান, সকল রাজনৈতিক ব্যক্তি, সমাজসেবী ও সুশিল সমাজের প্রতিনিধিগনকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ, দিঘলিয়া, থানা, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, এবং জনপ্রতিনিধী সহ সংশ্লিষ্টা দিঘলিয়া। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি। | সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ৩৭ নং লাখোহাটি উঃপাড়া সঃ বিদ্যালয়টিতে জরাজীর্ণ ভবনের স্থলে 3H- 2V- 4Wb সিড়িসহ নতুন ভবন নির্মানের কার্যক্রম ২০২১ সালের মার্চ মাস থেকে শুরু হয়ে প্রায় ২১ মাস পার হয়ে গেলেও কাজের কোন সন্তোষজনক অগ্রগতি নেই। বিগত ১৬/১১/২০২২ তারিখ উপজেলা শিক্ষ অফিসার বিদ্যালয়টির নির্মাণ কাজ পরিদর্শনে গিয়ে খুবই হতাশা প্রকাশ করেন। বিগত ২১ মাসে মূলভবনের পিলারগুলি লিন্টন পর্যন্ত উঠানো হলেও লিন্টনের কোন কাজ হয়নি। সহকারী শিক্ষা অফিসারের ১০/০৮/২০২২ তারিখের পরিদর্শন প্রতিবেদনেও অনুরুপ কাজ দেখা গেলে উক্ত তারিখেই অত্র কার্যালয়ের ৩৫৪ নম্বর পত্রের মাধ্যমে এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে অবহিত করা হয়েছে। বিদ্যালয়ে পাঠদানের কোন বিকল্প ঘর না থাকায় প্রকল্প দপ্তরের সাথে উপজেলা প্রকৌশলী মহোদয় পত্র যোগাযোগ করে উক্ত নির্মিতব্য ভবনের পার্শ্বে একটি টিনের ঘর তৈরী করে দেয়ার কথা থাকলেও প্রকল্প দপ্তর থেকে কোন বরাদ্দ/ অনুদান না পাওয়ায় অদ্যাবধি টিনের ঘর তৈরীর কোন ব্যবস্থা হয়নি। লে-আউটের সময়ে ভবন ভাঙ্গার পর সাময়িক পাঠদানের জন্য কযটিন মেইনটেন্স এর টাকা দিয়ে কোন রকমের একটি টিনের ঘর তৈরী করা হয়েছিল যা ১৩৪ জন ছাত্র ছাত্রীর জন্য একবারেই অপ্রতুল। এমতাবস্থায় নুতন ভবনের নির্মাণকাজ দুত শেষ করা অথবা | সভায় বিস্তারিত আলোচনান্তে কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের ধারাবাহিকতা ধরে রাখার স্বার্থে ২০২২-২৩ অর্থ বছরে উক্ত বিদ্যালয়ের স্লিপ ফান্ডের বরাদ্দকৃত অর্থ দিয়ে একটি টিনের ঘর তৈরীর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজে... প্রকৌশলী, ও উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জরুরী ভিত্তিতে একটি মানসম্মত টিনসেড ঘর তৈরী করা না হলে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চরমভাবে ব্যহত হওয়ার আশংকা করা হচ্ছে। | | |
| ০৯ | বিবিধি আলোচনা। উপজেলা মৎস্য দপ্তর | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, চলতি মাসে ২০ টি জেলে পরিবারের মাঝে বিকল্প কর্মসংস্থান উপকরণ হিসেবে ২০ টি বকনা বাছুর বিতরণ করা হয়েছে। তিনি বলেন সম্প্রতি জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খুলনা হতে বদলী হয়ে ১ জন সহকারী মৎস্য অফিসার দিঘলিয়া মৎস্য দপ্তরে যোগদান করেছেন। এছাড়া এই দপ্তরের মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা দীর্ঘদিনের অনুপস্থিতি শেষে বর্তমানে নিয়মিত অফিস করছেন। | সভায় বিস্তরিত আলোচনান্তে সরকারী বিধি অনুযায়ী দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস অফিসার দিঘলিয়া, খুলন |
| ১০ | উপজেলা স্বাস্থ্য দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গত মাসে সারাদেশে ডেঙ্গু রোগী বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন দিঘলিয়া উপজেলায় ১৭ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে। তার মধ্যে ১১ জন হাসপাতালে ভর্তি হয়েছে। অন্য ৬ জন রোগী সুস্থ হয়ে বর্তমানে বাড়ীতে আছে। তিনি বলেন ডেঙ্গু জ্বর হয়েছে কিনা তার পরীক্ষা করার জন্য ১০০ টাকা ফি মাধ্যমে ব্লাড টেষ্ট করার সিদ্ধান্ত নিয়েছেন। তিনি বলেন ডেঙ্গু মশার উৎপাত হতে রক্ষাপেতে আমাদের সকলের চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আমাদের আঙ্গিনার চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিব পরিকলানা অফিসার, দিঘলিয়া, খুলন |
| ১১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রস্তাব | প্রস্তাব-১ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে প্রকল্প কমিটির কাজ চলমান রয়েছে এবং উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পগুলির প্রকল্প কমিটির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ঠ (এডিপি ও ইউ ডি এফ) প্রকল্পগুলি প্যাকেজভিত্তিক টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের প্রক্রিয়াধীন রয়েছে।<br>প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রনয়ন ও মৌলিক অব কাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দিঘলিয়া উপজেলার সড়কের জন্য ৮০.০০, ড্রেন=৪২,০০ কালভাট=৫০.০০, কসাইখানা নির্মাণ=১৫,০০ এবং কাচা বাজার=৯৮,০০ লক্ষ টাকার স্কীমের প্রাক্কলন প্রেরণের জন্য প্রস্তাব পাওয়া যায়। সে মোতাবেক সরেজমিনে পরিদর্শন পূর্বক নিম্নবর্ণিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা নিম্নরুপঃ-<br>ক) কাজের নাম- হাজীগ্রম পুলার হাট বাজার-পার হাজীগ্রাম আতাই নদী সরদার ঘাট রাস্তা হয়ে মধ্যপাড়া বায়তুস সামাদ জামে মসজিদ সড়ক (হাজীগ্রাম পুলার বাজার শুকু করে- আজিজুল সরদার বাড়ী) উন্নয়ন (চেইনেজ ০ ০+৮৬২ কিলোমিটার পর্যন্ত)টাকা=৭৫,৭৩,৭৯৬/- টাকা।<br>খ) কাজের নম কালভাটঃ ১। গাজীরহাট ইউনিয়নের ৬ নং ওয়ার্ডে ক্যাটলা বৈশাখির মোড়ের উত্তর পার্শ্বে বিকাশ পালের বাড়ীর সামনে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/- ২। গাজীরহাট ইউনিয়নে ৯ নং ওয়ার্ডের মহিষদিয়া পাচু শেখ এর বাড়ীর পার্শ্বে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,১৪,৩২১/- ৩। দিঘলিয়া ইউনিয়নের ১ নং ওয়ার্ডের সাবু মোড়লের বাড়ীর সামনে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/-৪। দিঘলিয়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের এফ ডব্লিউ সি পথের বাজার রাস্তায় এশা শেখ এর বাড়ীর সামনে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৯৮,২৪৩/-, ৫। দিঘলিয়া ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মুন্সি বাড়ী সুগন্ধী ফারুকের বাড়ীর সামনে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/ ৬। দিঘলিয়া ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের ব্রহ্মগাতী শাহিদুলের ঘেরের পার্শ্বে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৮৭,৭৬৭/- ৭। দিঘলিয়া ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের দেয়াড়া সাদেকের দোকানের সামনে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৭৬,৯১২/ ৮। দিঘলিয়া ইউনিয়নের ১ নং ওয়ার্ডের মসজিদুল কুবা এর | বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের স্বার্থে এলজিইডি এর খুলনা অঞ্চলের তালিকাভূক্ত হালনাগাদ নবায়নকৃত ঠিকাদারের অংশগ্রহণ নিশ্চিত পূর্বক e-GP এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিস্তারিত আলোচনান্তে গাছের প্রাক্কলনটি নিলামের অনুমোদনের জন্য জেলা প্রশাসক, মহোদয় বরাবর প্রেরণের করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রক্ষপগুলি অনুমোদনের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বা অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পার্শ্বে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/ ৯। ৪। দিঘলিয়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের এফ ডব্লিউ সি পথের বাজার রাস্তায় এশা শেখ এর বাড়ীর পার্শ্বে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৯৮,২৪৩/-, ১০। দিঘলিয়া ইউনিয়নের ১ নং ওয়ার্ডের টিপুর দোকানের সামনে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/ ১১। দিঘলিয়া ইউনিয়নের ১ নং ওয়ার্ডের মহেশ্বরপুর মালেক শেখ এর বাড়ী হয়ে অহেদ এর ঘেরের রাস্তায় ইসমাইল হোসেন ও ছামাদ শেখ এর জমির পাশে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,১৪,৩২১/ ১২। দিঘলিয়া ইউনিয়নের ১ নং ওয়ার্ডের গুচ্ছগ্রামে ইসমাইল মোড়লের জমির পার্শ্বে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/ ১৩। দিঘলিয়া ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের নাককাটি খালে লোকমান সরদারের জমির পার্শ্বে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/ ১৪। দিঘলিয়া ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের ব্রহ্মগাতী মাদ্রাসার মোড়ে নেভীর বাড়ীর সামনে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/ ১৫। সেনহাটি ইউনিয়নের চন্দনীমহল লালমিয়া ও ফিতা ফকির এর বাড়ীর নিকটে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬/ ১৬। সেনহাটি ইউনিয়নের চন্দনীমহল মল্লিকপাড়া নাসির এর বাড়ীর নিকটে ইউড্রেন কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৬,৪৬৯/ ১৭। বারাকপুর ইউনিয়নের ৭ নং গুচ্ছগ্রামের মন্টুর বাড়ী হতে ছন্টুর বাড়ীর মেইন রাস্তায় ইউড্রেণ নির্মাণ। প্রাক্কলিত টাকা= ১,৬৭,৫৬৬।<br><br>গ) কাজের নাম কসাই খানাঃ দিঘলিয়া উপজেলার পথের বাজার কসাই খানা নির্মাণ প্রক্কলিত মূল্য=১৫,০০,০০০/- উক্ত প্রকল্পগুলি সভায় যাচাই বাছায় ও বিস্তারিত আলোচনা করা হয়।<br>প্রস্তাব-৩ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আগষ্ট/২০২২ মাসের ২৩নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক উপজেলা বন কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা কর্তৃক উপজেলা শিক্ষা অফিস সম্প্রসারণ স্থানে ৫টি মেহগুনি, ও ১টি রেন্ট্রি জীবিত গাছের মূল্য নির্ধারণ পূর্বক ৪৯,৫৭৮/= (উনপঞ্চাশ হাজার পাচ শত আটাত্তর) টাকার ১টি প্রাক্কলন দাখিল করেছেন। এমতাবস্থায় উক্ত জীবিত গাছ নিলামে বিক্রয়ের জন্য জেলা প্রশাসক, খুলনা মহোদয় এর মাধ্যমে অনুমোদন প্রয়োজন। | | |
| ১২ | চেয়ারম্যান সেনহাটী ইউপি | সভায় চেয়ারম্যান সেনহাটী ইউপি জানান যে, তার ইউনিয়ন পরিষদের নতুন ভবনটির ছাদের বিভিন্ন সমস্য দেখা যাচ্ছে। সে কারনে তিনি তার পরিষদ ভবনটি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদটি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা |
| ১৩ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, বাদ পড়া রেশন কার্ড এর পরিবর্তে নতুন কার্ডের চাউল বিতারনের ডিও প্রদানের জন্য সভায় তিনি উপজেলা খাদ্য অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করার কথা বলেন। তিনি বলেন গত ২ বছর আগে যাদের নামে ভিজিডির কার্ড হওয়ার পর পরবর্তীতে তাদের কার্ড বাতিল করা হলেও বর্তমানে ঐ বাতিলকৃত কার্ডের ব্যক্তিরা বর্তমান যখন অনলাইন করতে যেয়ে তারা অনলাইন করতে পারছেন না। তার কারণ তাদের নামের কার্ড বাতিল করা | সভায় বিস্তারিত আলোচনান্তে বাদ পড়া রেশন কার্ডের স্থলে পূন: সংযোজিত কার্ডের চাউল এর ডিও প্রদানসহ গত ২ বছর আগের ভিজিডির হার্ড | উপজেলা মহিল বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হলেও অনলাইন থেকে তাদের নামের তালিকা বাদ করা হয়নি। তিনি এ ব্যপারে মহিলা বিষায়ক অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | কফিতে বাতিল হওয়া কার্ডের নামের তালিকা অনলাইনে থাকায় বর্তমানে তারা ভিজিডির অনলাইন ফরম পূরন করতে না পারার বিষয়ে উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার (ভা: প্রা:) ও সহকারী কমিশনার ভূমি | সভায় উপজেলা নির্বাহী অফিসার (ভা: প্রা:) ও সহকারী কমিশনার (ভূমি) জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক উপজেলায় জাতীয় দিবস উৎযাপন উপলক্ষে এক অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। সে মোতাবেক বিজয় দিবস/২০২২ উদযাপন উপলক্ষে বিভিন্ন খরচ বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিজয় দিবস উদযাপন উপলক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যা উপজেলা পরি উপজেলা নি অফিসার দিঘলিয়া, খু |
| ১৬ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপ-সহকারী কৃষি অফিসারগণদের প্রতিটি ইউনিয়নের সাধারণ ওয়ার্ড সদস্য এবং জন প্রতিনিধীদের সাথে সমন্বয় করে কোন এলাকায় কোন ফসল ভালো হয়। সে এলাকায় সেই ফসলের চাষাবাদ করার জন্য মাঠ পর্যায়ের কৃষকে উদ্বুদ্ধ করে ফসলের চাষাদাব করাসহ কোথাও যাতে কোন খালি জায়গা পড়ে না থাকে সে বিষয়ে তিনি উপজেলা কৃষি অফিসারকে আরো সক্রিয়ভাবে কাজ করার কথা বলেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কোথাও কোন খালি জায়গা পড়ে না থাকে সে বিষয়ে উপ-সহকারী কৃষি অফিসারদের সরেজমিনে গিয়ে কৃষকদের উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা অফিসার, দিঘলিয়া, খুল |

| | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের অক্টোবর/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের অক্টোবর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টোবর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর অক্টোবের/২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর অক্টোবর/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর অক্টোবর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,২৫০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর অক্টোবর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর অক্টোবর/২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মেসার্স রিয়ান ট্রেডার্স, ইখড়ি তেরখাদা, খুলনার এর দিঘলিয়া উপজেলার একতলা আনসার ভিডিপি হোস্টেল নির্মাণ কাজের অবশিষ্ট বিল বাবদ=৩,৮১,০১৭/-<br>১৩। সালেহা অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া খুলনা এর নামে উপজেলা নির্বাহী অফিসের কক্ষের ব্যবহারের জন্য ০১টি টেবিল ক্রয় বাবদ=২৪,৭৪০/-<br>১৪। সালেহা অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া খুলনা এর নামে উপজেলা সামাজিক সম্প্রতি কমিটির সমাবেশের বিল বাবদ=১৬,১৪০/- | ৬,১৬,২৯ |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৯৩৮

তারিখ: ২৪.১১.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ......................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

24.11.2022

(মাহমুদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২